



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

ভূগোল ও পরিবেশ বিভাগের নবীন বরণ এবং বিদায় অনুষ্ঠান



৩০ জুলাই, ২০১৯-মঙ্গলবার বেলা ১১ ঘটিকায় ভূগোল ও পরিবেশ বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় এর ১৪ তম ব্যাচের নবীন বরণ এবং ৮ম ব্যাচের বিদায় অনুষ্ঠান বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

ভূগোল ও পরিবেশ বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় এর চেয়ারম্যান অধ্যাপক ড. মল্লিক আকরাম হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. কাজী সাইফুদ্দীন। নবীন বরণ এবং বিদায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন বিভাগীয় অধ্যাপক ড. মোঃ মনিরুজ্জামান। এসময় বিভাগের অন্যান্য শিক্ষক-শিক্ষিকা এবং শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।